

💵 মুয়াতা মালিক

হাদিস নাম্বারঃ ১৪৮৭

৩৭. ওসীয়্যত সম্পর্কিত অধ্যায় (کتاب الوصية)
পরিচ্ছেদঃ ২. দুর্বল, বালক, পাগল ও নির্বোধের ওসীয়্যত

بَابِ جَوَازِ وَصِيَّةِ الصَّغِيرِ وَالضَّعِيفِ وَالْمُصابِ وَالسَّفِيهِ

আরবী

وَحَدَّثَنِي مَالِك عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ أَبِي بَكْرِ بْنِ حَزْمٍ أَنَّ غُلَامًا مِنْ غَسَّانَ حَضَرَتْهُ الْوَفَاةُ بِالْمَدِينَةِ وَوَارِثُهُ بِالشَّامِ فَذُكِرَ ذَلِكَ لِعُمَرَ بْنِ الْخَطَّابِ فَقِيلَ لَهُ إِنَّ فُلَانًا يَمُوتُ الْوَفَاةُ بِالْمَدِينَةِ وَوَارِثُهُ بِالشَّامِ فَذُكِرَ ذَلِكَ لِعُمَرَ بْنِ الْخَطَّابِ فَقِيلَ لَهُ إِنَّ فُلَانًا يَمُوتُ أَفَيُوصِي قَالَ فَلْيُوصِ قَالَ يَحْيَى بْنُ سَعِيدٍ قَالَ أَبُو بَكْرٍ وَكَانَ الْغُلَامُ ابْنَ عَشْرِ سِنِينَ أَقْ الْثَنَيْ عَشَرَةَ سَنَةً قَالَ فَأَوْصَى بِبِبْرِ جُشَمٍ فَبَاعَهَا أَهْلُهَا بِثَلَاثِينَ أَلْفَ دِرْهَمٍ الْثَنَيْ عَشَرَةَ سَنَةً قَالَ فَأَوْصَى بِبِبْرِ جُشَمٍ فَبَاعَهَا أَهْلُهَا بِثَلَاثِينَ أَلْفَ دِرْهَمٍ قَالَ فَأَوْصَى بِبِبْرِ جُشَمٍ فَبَاعَها أَهْلُها بِثَلَاثِينَ أَلْفَ دِرْهَمٍ قَالَ فَأَوْصَى بِبِبْرِ جُشَمْ فَبَاعَها أَهْلُها بِثَلَاثِينَ أَلْفَ دِرْهَمٍ قَالَ فَأَوْصَى بِبِبْرِ جُشَمْ عَلَيْهِ عِنْدَنَا أَنَّ الضَعِيفَ فِي عَقْلِهِ وَالسَّفِيهَ قَالَ يَحْيَى سَمِعْت مَالِكَ يَقُولُ الْأَمْرُ الْمُجْتَمَعُ عَلَيْهِ عِنْدَنَا أَنَّ الضَعِيفَ فِي عَقْلِهِ وَالسَّفِيهَ وَالسَّفِيهَ وَالسَّفِيهَ الْمُصَابَ الَّذِي يُفِيقُ أَحْيَانًا تَجُوزُ وَصَايَاهُمْ إِذَا كَانَ مَعَهُمْ مِنْ عُقُولِهِمْ مَا يَعْرِفُونَ مَا يُوصِي بِهِ وَكَانَ مَعْلُوبًا عَلَى عُولِهِ فَلَا وَصِي بِهِ وَكَانَ مَعْلُوبًا عَلَى عَقْلِهِ فَلَا وَصِيَّة لَهُ وَصِي بِهِ وَكَانَ مَعْلُوبًا عَلَى عَقْلِهِ فَلَا وَصِيَّةً لَهُ وَصِيَّةً لَهُ وَكَانَ مَعْلُوبًا عَلَى عَقْلِهِ فَلَا وَصِيَّةً لَهُ

বাংলা

রেওয়ায়ত ৩. আবু বকর ইবন হাযম (রহঃ) হইতে বর্ণিত, গাসসান বংশের একটি ছেলের মৃত্যুর সময় উপস্থিত হইল, আর তাহার ওয়ারিস সিরিয়াতে ছিল। তাহার কথা উমর (রাঃ)-এর কাছে বলা হইল এবং জিজ্ঞাসা করা হইল যে, সে ওসীয়াত করিবে কি? তিনি বলিলেন হ্যাঁ, সে যেন ওসীয়াত করে। আবু বকর বলেন, ঐ ছেলের বয়স দশ অথবা বার বৎসর ছিল। অতঃপর সে তাহার বীরে জুশাম নামক সম্পত্তি ওসীয়াত করিয়া গেল, যাহার বিক্রয়মূল্য বাবদ প্রাপ্ত হইয়াছিল ত্রিশ হাজার দিরহাম।

মালিক (রহঃ) বলেনঃ ইহা আমাদের নিকট সর্বসম্মত বিষয় যে, দুর্বল বুদ্ধির লোক, নির্বোধ, পাগল যাহার মাঝে মাঝে হুশ ফিরিয়া আসে এমন লোকদের ওসীয়্যত শুদ্ধ হইবে যখন তাহার এতদূর আকল থাকে যে, সে যাহা কিছু ওসীয়্যত করিতেছে তাহা সে বুঝে। আর যদি এতদূর আকলও না থাকে তবে তাহার ওসীয়াত শুদ্ধ হইবে না।

English



Malik related to me from Yahya ibn Said from Abu Bakr ibn Hazm that a boy from Ghassan was dying in Madina while his heir was in Syria. That was mentioned to Umar ibn al-Khattab. It was said to him, "So-and-so is dying. Shall he make a bequest?" He said, "Let him make a bequest."

Yahya ibn Said said that Abu Bakr had said, "He was a boy of ten or twelve years." Yahya said, "He willed the well of Jusham, and his people sold it for 30,000 dirhams."

Yahya said that he heard Malik say, "The generally agreed-on way of doing things in our community is that a simpleton, an idiot, or a lunatic who recovers at times, can make wills if they have enough of their wits about them to recognise what they will. Someone who has not enough wits to recognise what he wills, and is overcome in his intellect, cannot make a bequest."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন